

কোর্সের বিবরণ

কোর্সের ব্যাপ্তি: এফএলটিসিতে প্রতি সেশনে ১.৫ ঘন্টা হিসেবে মোট ৪০ সেশনের কোর্স পরিচালিত হয়। প্রতিটি কোর্সে ২৫/৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করতে পারেন। প্রতিদিন একাধিক কোর্স পরিচালিত হওয়ায় প্রশিক্ষণার্থী তার সুবিধামত সময়ের ব্যাচে অংশগ্রহণ করতে পারেন। কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি স্থানীয় ও জাতীয় দৈনিক পত্রিকাগুলোতে প্রকাশিত হয়। এখানে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদাভিত্তিক বিশেষ মেয়াদের প্রশিক্ষণ কোর্সও অনুষ্ঠিত হয়ে থাকে।

প্রশিক্ষণার্থী মূল্যায়ন: লিখিত, মৌখিক, পড়া ও শোনা- এ চারটি বিষয়ে কোর্স মধ্যবর্তী ও সমাপনী পরীক্ষা গ্রহণ করা হয়। মধ্যবর্তী পরীক্ষা ১.৫ ঘন্টার ও সমাপনী পরীক্ষা ২ ঘন্টার হয়ে থাকে। প্রশিক্ষণ সেশনে ৬০% উপস্থিতি সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের পূর্বশর্ত।



সনদপত্র: সমাপনী পরীক্ষা শেষে সফল প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হয়। থ্রেডের শ্রেণিবিভাগ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিম্নরূপভাবে নির্ধারিত হয়:

৮০-১০০ = A+
৭০-৭৯ = A
৬০-৬৯ = B
৬০ এর কম = P (অংশগ্রহণ)

“অন্য একটি ভাষা জানার অর্থ আরেকটি আত্মার অধিকারী হওয়া।” - শার্লোমেন



“যারা কোনো বিদেশী ভাষা জানে না, তারা নিজের সম্বন্ধে কিছুই জানে না।” - গ্যেটে



“Knowledge of language is the doorway to wisdom” - Roger Bacon

এস্টাবলিশমেন্ট অব ফরেন ল্যাংগুয়েজ টেনিং সেন্টারস-২
(এফএলটিসি-২) প্রকল্প
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
কক্ষ ১২২, শিক্ষা ভবন, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.fltc.gov.bd
ইমেইল: fltc_08@hotmail.com
ফোন # +৮৮ ০২ ৯৫৭৪১০৭



বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র
Foreign Language Training Center

مركز تدريب اللغات الأجنبية
외국어교육 센터

外国語トレーニングセンター

ইংরেজি
আরবি
কোরিয়ান
জাপানি
ফরাসি
চীনা



www.fltc.gov.bd

এক নজরে এফএলটিসি

আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সংগতি রেখে দেশের ন্যূনপক্ষে এসএসসি/সমমানের শিক্ষার্থী, বেকার যুবক/যুব মহিলাদের বিভিন্ন বিদেশী ভাষা প্রশিক্ষণ প্রদান করে দক্ষ মানবসম্পদ রূপে গড়ে তোলা এবং দেশ-বিদেশে উপযুক্ত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে তাদের আর্থিক স্বচ্ছলতা আনয়নসহ রেমিটেন্সের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় দেশের ২৯টি জেলায় মোট ৩১টি সরকারি পোস্ট-গ্রাজুয়েট কলেজ/মাদ্রাসায় ‘বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র’ স্থাপন করেছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় ‘এস্টাবলিশমেন্ট অব ফরেন ল্যাংগুয়েজ টেনিং সেন্টারস-২ (এফএলটিসি-২)’ শীর্ষক প্রকল্প বর্ণিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহ স্থাপনসহ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে।

বিভিন্ন বিদেশী ভাষা প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন, রেমিটেন্সের প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক শ্রমবাজারে কর্মসংস্থানের উপযোগী জনবল সৃষ্টিকরণ এবং ২০২১ সালের মধ্যে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার ভিশন অর্জনে সরকারকে সহায়তা প্রদান করাই আলোচ্য কার্যক্রমের মূল উদ্দেশ্য। দেশে-বিদেশে উপযুক্ত কর্মসংস্থানের ক্ষেত্রে যেসব ভাষার চাহিদা রয়েছে সেসব ভাষা প্রশিক্ষণের মাধ্যমে সরকারের বৈদেশিক মুদ্রার ভান্ডার সমৃদ্ধিতে এ কার্যক্রম গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে। একথা অনস্বীকার্য যে, বিদেশের শ্রম বাজারে আমাদের কর্মীরা চরম নিগ্রহের শিকার হয় এবং পার্শ্ববর্তী অন্যান্য দেশের কর্মীদের তুলনায় কম বেতন পায়। এর মূল চারটি কারণের অন্যতম হলো, সংশ্লিষ্ট দেশের ভাষাগত দক্ষতার অভাব।

ভাষা প্রশিক্ষণ

এফএলটিসির প্রশিক্ষণ কোর্সগুলি প্রশিক্ষণার্থীর ভাষাগত চারটি দক্ষতার (শোনা/বলা/পড়া/লিখা) উন্নয়ন সাধন করে। তবে এখানে মুখে বলার চর্চার উপর খুব বেশি গুরুত্ব দেওয়া হয়। প্রশিক্ষণার্থী তার চাহিদার ভিত্তিতে প্রয়োজনীয় কোর্সটি বেছে নিতে পারেন। পেশাগত দক্ষতা ও নিয়োগযোগ্যতা বৃদ্ধির জন্য এফএলটিসির ভাষা প্রশিক্ষণ কোর্স অত্যন্ত কার্যকর কর্মসূচী, যা দেশের ও বিদেশের প্রেক্ষাপটে সমান উপযোগী। এফএলটিসি বিদেশী ভাষা শেখার জন্য আদর্শ স্থান। এর বৈশিষ্ট্যসমূহ হচ্ছে:

- * ভাষা শিখনের ডিজিটাল সিস্টেম ও তথ্য প্রযুক্তির ব্যবহার
- * শীতাতপ নিয়ন্ত্রিত প্রশিক্ষণ কক্ষ
- * মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবহার
- * এলসিডি মনিটর, হেডফোন, মাইক্রোফোন এবং ডিজিটাল স্টুডেন্ট টার্মিনাল
- * ন্যূনতম কোর্স ফি'র মাধ্যমে সর্বোচ্চ সুবিধা প্রাপ্তি
- * প্রশিক্ষিত ভাষা প্রশিক্ষক ও নেটিভ কোরিয়ান প্রশিক্ষক

এফএলটিসির কোর্সসমূহ

- * ইংরেজি ভাষা
- * আরবি ভাষা
- * কোরিয়ান ভাষা
- * ফ্রেঞ্চ ভাষা
- * চাইনিজ ভাষা
- * জাপানিজ ভাষা

এফএলটিসি'র তালিকা ও ফোন নম্বর:

১. ঢাকা সরকারি মাদ্রাসা-ই আলিয়া-০২-৯৬০৮১৬
২. ঢাকা সরকারি বাঙলা কলেজ-০২-৯০২১০১১
৩. ঢাকা আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
৪. গাজীপুর- টঙ্গী সরকারি কলেজ-০২-৯৮১১১৪৯
৫. নারায়ণগঞ্জ সরকারি তোলাসাম কলেজ-০২-৭৬৪৭৭৬
৬. গোপালগঞ্জ সরকারি বঙ্গবন্ধু কলেজ-০২-৬৬৮১৬২১
৭. ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজ-০৬৩১-৬১৮৮৫
৮. ময়মনসিংহ সরকারি আনন্দমোহন কলেজ-০৯১-৬১০৬৮
৯. কিশোরগঞ্জ সরকারি গুরুদয়াল কলেজ-০৯৪১-৬২৯২২
১০. চট্টগ্রাম সরকারি কলেজ-০৩১-২৮৫৫৩৮৯
১১. কক্সবাজার সরকারি কলেজ-০৩৪১-৬৩৬৯৮
১২. ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ-
১৩. ফেনী সরকারি কলেজ-০৩৩১-৭৩০৪৩
১৪. লক্ষ্মীপুর সরকারি কলেজ-০৩৮১-৬২১৬২
১৫. কুমিল্লা- সরকারি ভিক্টোরিয়া কলেজ-০৮১-৬৯৫৬৯
১৬. রাজশাহী সরকারি কলেজ-০৭২১-৭৭১৪৯৫
১৭. বগুড়া সরকারি আজিজুল হক কলেজ-০৫১-৫১০৯৯
১৮. চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজ-০৭৮১-৫১২৯১
১৯. পাবনা সরকারি এডওয়ার্ড কলেজ -০৭৩১-৬৬৭৯৫
২০. খুলনা সরকারি বি.এল কলেজ-০৪১-২৮৫২৮৫৮
২১. যশোর সরকারি এম.এম কলেজ-০৪২১-৬৪৬৪৮

২২. কুষ্টিয়া সরকারি কলেজ-০৭১-৭২১৩২
২৩. বরিশাল সরকারি বি.এম কলেজ-০৪৩১-২১৭৬২৫৬
২৪. পটুয়াখালী সরকারি কলেজ-০৪৪১-৬৫৩৮১
২৫. পিরোজপুর সরকারি সোহরাওয়ার্দী কলেজ-০৪৬১-৬২৪৫০
২৬. সিলেট সরকারি এম.সি কলেজ-০৮২১-৭৬০৭২৬
২৭. হবিগঞ্জ সরকারি বৃন্দাবন কলেজ-
২৮. সুনামগঞ্জ সরকারি কলেজ-
২৯. মৌলভীবাজার সরকারি কলেজ-০৮৬১-৬৪২২০
৩০. রংপুর সরকারি কলেজ-
৩১. দিনাজপুর সরকারি কলেজ-০৫৩১-৬৬১০৩

এফএলটিসি কোর্সে ভর্তির যোগ্যতা

- * ন্যূনতম এসএসসি/সমমান শিক্ষাগত যোগ্যতা
- * দেশে/বিদেশে চাকুরি প্রার্থী
- * ভাষা দক্ষতা বৃদ্ধিতে আগ্রহী



এফএলটিসি কোর্সে ব্যবহৃত শিখন পদ্ধতি

- * শিক্ষার্থীর স্বয়ং-চেষ্টাকে প্রণোদনা দেওয়া
- * প্রয়োজনীয় ভাষা দক্ষতার উপর জোর দেওয়া
- * জোড়ায় বা দলীয় কাজ
- * ভূমিকাভিনয়
- * ল্যাংগুয়েজ গেম
- * দলীয়ভাবে ত্রুটি সংশোধন
- * কমিউনিকেশন ল্যাংগুয়েজ টিচিং ও অন্যান্য পদ্ধতির প্রয়োগ
- * ৪টি ভাষা দক্ষতার সমন্বয়
- * কথা বলার স্বাধীনতা এবং লেখার ত্রুটি দূর করা